

উপাচার্যের কার্যালয়ে তালা দিলো ছাত্রদল

রাঙামাটি প্রতিনিধি

০৫ মে ২০২৬, ০৫:৩২ পিএম



রাঙামাটি বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (রাবিপ্রবি) উপাচার্যের পদত্যাগের দাবিতে কার্যালয়ে তালা দিয়েছেন ছাত্রদলের নেতাকর্মীরা। আজ মঙ্গলবার বিশ্ববিদ্যালয়ে জরুরি সংবাদ সম্মেলন শেষে কার্যালয়ে তালা দেয় ছাত্রদল।

বিশ্ববিদ্যালয়ের উপাচার্য মো. আতিয়ার রহমানের বিরুদ্ধে নিয়োগে অনিয়ম ও রাজনীতিকরণ, স্থানীয় সংস্কৃতির অবমাননাসহ বিভিন্ন অভিযোগ তুলেছেন ছাত্রদলের নেতাকর্মীরা।

সংবাদ সম্মেলনে লিখিত বক্তব্য পড়েন বিশ্ববিদ্যালয় ছাত্রদলের আহ্বায়ক নাসির উদ্দিন অর্নব। তিনি বলেন, পাহাড়ের উচ্চশিক্ষার প্রাণকেন্দ্র রাঙামাটি বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় আজ এক চরম ত্রাস্তিকাল অতিক্রম করছে। বর্তমান উপাচার্য যোগদানের পর থেকে বিশ্ববিদ্যালয়কে একটি পারিবারিক ও রাজনৈতিক আখড়ায় পরিণত করেছেন। মেধা ও যোগ্যতাকে পদদলিত করে তিনি নিয়োগ জালিয়াতি, আর্থিক অনিয়ম এবং জুলাই বিপ্লবের আদর্শের পরিপন্থী কর্মকাণ্ডে লিপ্ত হয়েছেন।

উপাচার্যকে অপসারণ অথবা পদত্যাগের জন্য আগামী ৪৮ ঘণ্টা সময় দিয়ে নাসির উদ্দিন বলেন, পদত্যাগ না করা পর্যন্ত উপাচার্য কার্যালয় ও প্রশাসনিক দপ্তরে কোনো কার্যক্রম চলতে দেওয়া হবে না। এই আন্দোলনের কারণে বিশ্ববিদ্যালয়ের ক্লাস-পরীক্ষা ও রেজাল্ট-সংক্রান্ত কোনো কার্যক্রম বন্ধ করা যাবে না। শিক্ষার্থীদের একাডেমিক কার্যক্রম নিয়ে কোনো গাফিলতি বরদাশত করা হবে না।

আজ দুপুরে ঘটনাস্থলে গিয়ে দেখা যায়, বিশ্ববিদ্যালয়ের উপাচার্য কার্যালয়ে প্রবেশপথের গেটে তালা দেওয়া। কার্যালয়ের কর্মচারীরা পাশের রেজিস্ট্রার কার্যালয়ে অবস্থান করছেন। তবে এ সময় ছাত্রদলের নেতাকর্মীদের কাউকে দেখা যায়নি।

পুলিশ জানায়, তালা দেওয়ার পরেই ছাত্রদলের নেতাকর্মীরা ক্যাম্পাস এলাকা ত্যাগ করেছেন। নাম প্রকাশ না করার শর্তে একাধিক কর্মচারী বলেন, তালা দেওয়ার সময় ছয়জন কর্মচারী উপাচার্যের কার্যালয়ে অবস্থান করছিলেন। পরে তাদের কার্যালয় থেকে বের করে দেওয়া হয়।

এ বিষয়ে বক্তব্য জানতে চেয়ে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য মো. আতিয়ার রহমানের মুঠোফোনে একাধিকবার কল করা হলেও তিনি রিসিভ করেননি।

রাঙামাটি কোতোয়ালি থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মোহাম্মদ জসীম উদ্দীন বলেন, বিশ্ববিদ্যালয় এলাকায় অপ্রীতিকর ঘটনা এড়াতে তারা সজাগ রয়েছেন। বর্তমানে ক্যাম্পাসের আইনশৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রয়েছে।